গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
উন্নয়ন-২ শাখা
www.sid.gov.bd

বিষয়: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক বাস্তবায়নাধীন "Capacity Building of Statistics Service based on Platform" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পের 'প্রকল্প স্টিয়ারিং কমিটি (পিএসসি)'র ৪র্থ সভার কার্যবিবরণী।

সভাপতি	আলেয়া আক্তার সচিব
সভার তারিখ	০৩ সেপ্টেম্বর ২০২৫
সভার সময়	বেলা ১১.৩০ ঘটিকা
স্থান	পরিসংখ্যান ও তথ্যব্যবস্থাপনা বিভাগ এর সম্মেলন কক্ষ, কক্ষ নং ১১২২, লেভেল-১০,পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট'ক'-তে দেখানো হয়েছে।

সভাপতি সভায় উপস্থিত কমিটির সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর তিনি এজেন্ডা অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য কমিটির সদস্য সচিব ও উপসচিব, উন্নয়ন-২ অধিশাখাকে আহবান জানান।

২। সদস্য সচিব সভায় জানান যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন "Capacity Building of Statistics Service based on Platform" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি ০১ জুলাই ২০২৩ হতে ৩১ ডিসেম্বর ২০২৬ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির অনুমোদিত মোট প্রাক্কলিত ব্যয় ১৪৪,০৭.০০ লক্ষ (একশত চুয়াল্লিশ কোটি সাতলক্ষ) টাকা, যার মধ্যে জিওবি ৩৭,৯২.০০ লক্ষ এবং প্রকল্প অনুদান (KOICA) ১০৬,১৫.০০ লক্ষ টাকা। ১৬ জুন ২০২৫ তারিখে প্রকল্প স্টিয়ারিং কমিটির (পিএসসি) ৩য় সভা অনুষ্ঠিত হয়। প্রকল্পের স্টিয়ারিং কমিটি'র ৩য় সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলকে প্রেরণ করা হয়েছে। গত সভার কার্যবিবরণীর ওপর সভায় কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি বিধায় গত সভার কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়।

৩। প্রকল্প পরিচালক মাল্টিমিডিয়া উপস্থাপনার মাধ্যমে প্রকল্পের সার্বিক অগ্রগতির চিত্র সভায় তুলে ধরেন। তার উপস্থাপনায় দেখা যায় যে,২০২৫-২৬ অর্থবছরের এডিপিতে এ প্রকল্পের অনুকূলে বরাদ্দ রয়েছে ১৮,৩৩.০০ লক্ষ টাকা এবং আগস্ট, ২০২৫ পর্যন্ত বরাদ্দকৃত অর্থের বিপরীতে ব্যয়িত অর্থের পরিমাণ ৫.৫৯ লক্ষ টাকা, যা আর্থিক অগ্রগতির হার হিসেবে ০.০৬%। আগস্ট ২০২৫ পর্যন্ত সময়ে প্রকল্পের ক্রমপুঞ্জিভূত ব্যয় ১২,০০.৩৯ লক্ষ টাকা, যা প্রকল্পের প্রাক্কলিত ব্যয়ের ৮.৬%।

৪। প্রকল্প পরিচালক কর্তৃক প্রকল্প বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য বিষয়ের ওপর উপস্থাপিত তথ্যাদি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়, যা নিম্নের ছকে উল্লেখ করা হলো;

ক্রম	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
৪.১	**সার্ভার সংস্কার ও সংরক্ষণ:** প্রকল্প পরিচালক জানান, বিবিএস এ বিদ্যমান সার্ভার রুমের সংস্কারের মাধ্যমে আইটি অবকাঠামো উন্নয়ন করা হবে। বিদ্যমান ১১১টি সার্ভারের মধ্যে সচল ৬৮টি সার্ভার প্রয়োজনীয় সংস্কারের মাধ্যমে কার্যকর রাখতে হবে। চলমান প্রকল্পের আওতায় যে আইটি ইনফ্রাস্ট্রাকচার তৈরি করা হবে তার সাথে এই সার্ভারগুলো কীভাবে ইন্টিগ্রেট করা হবে তা মাস্টার প্ল্যানে অন্তর্ভুক্ত করা হবে। সভাপতি মহোদয় জানতে চান যে, সার্ভারসমূহ নতুন করে রিপ্ল্যাস করতে হবে কী-না, এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান- বর্তমান সিস্টেম আপগ্রেড করার এবং সেক্ষেত্রে কোন কোন সার্ভার রিপ্ল্যাস করার প্রয়োজন হলে এ প্রকল্পের আওতায় ব্যবস্থা গ্রহণ করা যাবে।	বিদ্যমান ১১১টি সার্ভারের মধ্যে সচল ৬৮টি সার্ভার প্রয়োজনীয় সংস্কারের মাধ্যমে কার্যকর/সচল রাখতে হবে এবং এগুলোতে রক্ষিত ডাটাসমূহের ব্যাক-আপ রাখতে হবে।	প্রকল্প পরিচালক

৪.২	**Data Warehouse এর জন্য মাস্টার প্ল্যান:** প্রকল্প পরিচালক জানান, গত সভার সিদ্ধান্ত মোতাবেক Data Warehouse স্থাপন, প্রকল্পোত্তর সময়ে তা পরিচালনা ও রক্ষণাবেক্ষণ কীভাবে করা হবে এবং প্রয়োজনীয় অর্থের সংস্থান কীভাবে হবে সে বিষয়ে একটি Exit Plan এর খসড়া প্রস্তুতপূর্বক আগস্ট/২০২৫ এ মাস্টার প্ল্যান চূড়ান্ত করার জন্য নির্ধারিত থাকলেও এ নিয়ে কাজ করার জন্য দায়িত্বপ্রাপ্ত KOICA টিম আগামী ডিসেম্বর/২০২৫ এর মধ্যে মাস্টার প্ল্যান চূড়ান্ত করা সম্ভব নয় মর্মে জানিয়েছে। সভাপতি মহোদয় উল্লেখ করেন যে, এই ধরণের ডিজিটাল প্ল্যাটফর্মের ক্ষেত্রে অনেক সময় সফটওয়্যার/হার্ডওয়্যারসমূহ প্রকল্প চলমান সময়ে ও প্রকল্প শেষে সঠিকভাবে রক্ষণাবেক্ষণ করা হয় না। তাই এ ধরণের কাজের সাথে সংশ্লিষ্ট দক্ষ টেকনিক্যাল কর্মকর্তাগণকে অন্তর্ভুক্ত করে তাদের সুনির্দিষ্ট কর্মপরিধি নির্ধারসহ দায়িত্ব প্রদান করতে হবে যাতে প্রকল্পোত্তর সময়ে কোন সমস্যার সম্মুখীন হতে না হয়। অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রতিনিধি বলেন- সিকিউরিটি থ্রেট (Security Threat) এর ক্ষেত্রে Cyber security মনিটরিং এর জন্য সার্বক্ষণিক একজন এক্সপার্ট থাকা প্রয়োজন এবং এ ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি প্রকল্প পরিচালকের দৃষ্টি আকর্ষণ করেন।	(ক) প্রকল্পোত্তর সময়ে Data Warehouse পরিচালনা ও রক্ষণাবেক্ষণের বিষয়টি আমলে নিয়ে দক্ষ কর্মকর্তাগণের সমন্বয়ে একটি টেকনিক্যালি এক্সপার্ট টিম তৈরী করতে হবে, যারা এখন থেকেই প্রকল্পের আওতায় প্রয়োজনীয় প্রশিক্ষণ গ্রহণ করবে: (খ) সুনির্দিষ্ট কর্মপরিধি নির্ধারণপূর্বক Exit Plan তৈরী করে দ্রুত সময়ের মধ্যে মাস্টার প্ল্যান চূড়ান্ত করতে হবে; (গ) সম্ভাব্য Cyber Security Threat বিষয়ে করনীয় নির্ধারনপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক
৪.৩	**প্রকল্পের আওতায় প্রশিক্ষণ ও দক্ষ জনবল তৈরী:** প্রকল্প পরিচালক জানান, এ প্রকল্পের আওতায় আগামী ৩ বছরে কী কী বিষয়ে কতদিন ব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হবে, সে সংক্রান্ত একটি প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত করা হয়েছে। ডাটা ওয়্যারহাউজ পরিচালনার জন্য IT Personnel এর পাশাপাশি পরিসংখ্যানবিদ-দেরও প্রয়োজন হবে। এ বিষয়ে সভাপতি বলেন- প্রদত্ত প্রশিক্ষণ থেকে যথাযথ output ও technology transfer নিশ্চিত করতে হবে, একই সাথে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধির জন্য IT Personnel এবং বদলিযোগ্য নয় এমন প্রশিক্ষণার্থীর সংখ্যা আনুপাতিক হারে বেশি নির্বাচন করতে হবে। প্রয়োজনে বিভিন্ন ক্যাটাগরিতে প্রশিক্ষণার্থীদের বিভক্ত করে সে অনুযায়ী বিষয়ভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে তাদেরকে সংশ্লিষ্ট বিষয়ে দক্ষ করে তুলতে হবে। প্রকল্প পরিচালক জানান- IT Personnel ও বদলিযোগ্য নয় এমন প্রশিক্ষণার্থীর সংখ্যা আনুপাতিক হারে বেশি রেখে ক্যাটাগরিভিত্তিক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে।	প্রকল্পের আওতায় প্রদত্ত প্রশিক্ষণ থেকে যথাযথ output ও technology transfer নিশ্চিত করার নিমিত্ত সুনির্দিষ্ট পরিকল্পনার মাধ্যমে IT Personnel ও বদলিযোগ্য নয় এমন প্রশিক্ষণার্থী কর্মকর্তার সংখ্যা বেশি রেখে বিষয়ভিত্তিক প্রশিক্ষণের মাধ্যমে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে দক্ষ করে তুলতে হবে।	প্রকল্প পরিচালক

৪.৪	**টিএপিপি সংশোধন সংক্রান্ত:** প্রকল্প পরিচালকের উপস্থাপনার আলোকে কার্যক্রম বিভাগের প্রতিনিধি জানতে চান- প্রকল্পের টিএপিপি সংশোধন ও মেয়াদ বৃদ্ধি কেন করতে হবে এবং সেক্ষেত্রে নতুন করে বাজেট বরাদ্দ বাড়াতে হবে কী না। এ প্রসংগে প্রকল্প পরিচালক জানান, প্রকল্প অনুমোদন ও প্রকল্প পরিচালক নিয়োগে বিলম্বের কারণে এক বছর তিন মাস পর প্রকল্পটির কার্যক্রম শুরু হয়েছে বিধায় অনুমোদিত মেয়াদে অবশিষ্ট কাজ সম্পাদন সম্ভব হবে না, এ জন্য প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করতে হবে। এছাড়া প্রকল্পের বিদ্যমান টিএপিপি-তে কিছু অর্থনৈতিক কোড রয়েছে যা আইবাস সিস্টেমের সাথে মিল নেই এবং মাইক্রোডাটা (Microdata) নামে একটি নতুন কম্পোন্যান্ট যুক্ত করা প্রয়োজন। নতুন কম্পোন্যান্ট যুক্ত করা হলে কিছু অপারেশনাল কস্ট (Operational cost) বাড়ানোর প্রয়োজন হতে পারে। এ লক্ষ্যে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি, অর্থনৈতিক কোড সংশোধন অথবা নতুন কম্পোন্যান্ট অন্তর্ভুক্তকরণে বিদ্যমান টিএপিপি সংশোধন করা প্রয়োজন।	প্রকল্পের মেয়াদ বৃদ্ধি, অর্থনৈতিক কোড সংশোধন অথবা নতুন কম্পোন্যান্ট অন্তর্ভুক্তকরণের মাধ্যমে টিএপিপি সংশোধনের উদ্যোগ যথাসময়ের মধ্যে গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক
৪.৫	**ডাটা ওয়্যারহাউজ, বিগ ডাটা প্ল্যাটফর্ম স্থাপনের জন্য Space সংক্রান্ত** : KOICA এর সহায়তায় ডাটা ওয়্যারহাউজ, বিগ ডাটা প্ল্যাটফর্ম স্থাপনের জন্য Space সংক্রান্ত আলোচনায় অংশ নিয়ে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, মহাপরিচালক, বিবিএস এর সভাপতিত্বে কম্পিউটার উইং এবং এফএ এন্ড এমআইএস উইং এর মধ্যে অনুষ্ঠিত এক সভায় সিদ্ধান্ত গৃহীত হয়- বর্তমানে বিবিএসে ২টি আলাদা সার্ভার রুম রয়েছে (বিবিএস এর ১টি এবং এনএইচডি প্রকল্পের ১টি), যা Space সংকটের কারণে Scalable নয় এবং ঠিক পরিকল্পিতভাবে প্রস্তুত করা হয়নি। একই ফ্লোরে পার্শ্বে অবস্থিত কল সেন্টারটি শুধু শুমারি চলাকালীন সময়ে সাময়িকভাবে ব্যবহার করা হয়, বিবিএস এর কোন জরিপে তা ব্যবহার করা হয় না। আগামী ২০২৮ কিংবা ২০২৯ সালের পূর্বে এটির কোন ব্যবহার নেই এবং সার্ভার রুম/NOC রুমের পাশে আউটসোর্সিং-এর জনবল কাজ করায় নিরাপত্তা ঝুঁকি রয়েছে। কল সেন্টারের স্থানে পরিকল্পিতভাবে নতুন করে বিবিএস ডাটা সেন্টার স্থাপন করতে হবে যাতে অন্ততপক্ষে আগামী ১০ (দশ) বছর বিবিএস এর এতদসংক্রান্ত সকল রিসোর্স Accommodate করা যায়। এ বিষয়ে শীঘ্রই কম্পিউটার উইং থেকে একটি প্রতিবেদন মহাপরিচালক, বিবিএস এর নিকট উপস্থাপন করা হবে। নতুন ডাটা সেন্টারে (ক) ডাটা ওয়্যারহাউজ, (খ) বিগ ডাটা প্ল্যাটফর্ম, (গ) বিবিএস এর বিদ্যমান ২টি সার্ভার রুমের সকল সচল রিসোর্স, (ঘ) ভবিষ্যতে স্থাপিতব্য SCEMP প্রকল্পের আওতায় (১) জিআইএস ল্যাব, (২) Full fledged Big Data Platform, (৩) NOC রুম ইত্যাদি পরিকল্পিতভাবে স্থাপন করা সম্ভব হবে।	নতুন ডাটা সেন্টারে (ক) ডাটা ওয়্যারহাউজ, (খ) বিগ ডাটা প্ল্যাটফর্ম, (গ) বিবিএস এর বিদ্যমান ২টি সার্ভার রুমের সকল সচল রিসোর্স, (ঘ) ভবিষ্যতে স্থাপিতব্য SCEMP প্রকল্পের আওতায় (১) জিআইএস ল্যাব, (২) Full fledged Big Data Platform, (৩) NOC রুম ইত্যাদি পরিকল্পিতভাবে স্থাপন করতে হবে।	মহাপরিচালক, বিবিএস এবং পরিচালক, কম্পিউটার উইং ও প্রকল্প পরিচালক

৪.৬	**বিবিধ:** সভাপতি মহোদয় উল্লেখ করেন যে, যেহেতু "Capacity Building of Statistics Service based on Platform" এবং "Statistical Capacity Enhancement and Modernization Project (SCEMP)" শিরোনামে আইটি বিষয়ে ০২ টি গুরুত্বপূর্ণ প্রকল্পের কার্যক্রম পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতায় বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়ন করা হচ্ছে এবং প্রকল্প ০২ টি বাস্তবায়নে অনেক দক্ষ জনবলের প্রয়োজন, তাই পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র বিদ্যমান সাংগঠনিক কাঠামোতে আইটি বিষয়ে জনবল বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক। এ বিষয়ে মহাপরিচালক, বিবিএস এবং এসআইডি-এর প্রশাসন অনুবিভাগ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারেন।	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র বিদ্যমান সাংগঠনিক কাঠামোতে আইটি বিষয়ে জনবল বৃদ্ধির পদক্ষেপ গ্রহণ করতে হবে। মহাপরিচালক, বিবিএস এবং এসআইডি-এর প্রশাসন অনুবিভাগ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারেন।	মহাপরিচালক, বিবিএস এবং প্রশাসন অনুবিভাগ, এসআইডি।

৫। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১১-০৯-২০২৫
আলেয়া আক্তার
সচিব
secy@sid.gov.bd

নম্বর: ৫২.০০.০০০০.০০০.০০৯.১৪.০০১২.২৪.১৯১

তারিখ: ২৭ ভাদ্র ১৪৩২ বঙ্গাব্দ
১১ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ।
২। সচিব, সচিবের দপ্তর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৩। সচিব, সচিবের দপ্তর, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
৪। সদস্য (সচিব), কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
৫। সদস্য (সচিব), আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
৬। সদস্য (সচিব), সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
৭। মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)।
৮। অতিরিক্ত সচিব, উন্নয়ন ও পরিকল্পনা অনুবিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৯। অতিরিক্ত সচিব (এনইসি-একনেক ও সমন্বয়), এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ।
১০। যুগ্মসচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১১। যুগ্মসচিব (প্রতিকল্প), উন্নয়ন-২ অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১২। যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
১৩। প্রকল্প পরিচালক, "Capacity Building of Statistics Service based on Platform" শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্প, বিবিএস।
১৪। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫। প্রোগ্রামার, আইসিটি শাখা (প্রোগ্রামার), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।



১৪-০৯-২০২৫
হেমন্ত হেনরী কুবি
উপসচিব